—০১—

ঢাকা ওয়াসা

১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
২। পূর্বানুমোদিত নোট ও দরের কপি এবং পিডব্লিউডি রেট সিডিউল- ২০২২ এর কপি।
৩। ডিএমএ- ৮০১ এর এজবিল্ট নকশা।
৪। ক্যালকুলেশন শীট।
৫। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয় : Identification & Raising of different diameter sluice valve chamber at DMA-801 Area under MODS Zone-8, Dhaka WASA কাজ প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৫ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মড্স জোন-৮ এর আওতাধীন ডিএমএ- ৮০১ এর বসুন্ধরা রোড ও তৎসংলগ্ন এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা কন্ট্রোল করার জন্য পানির পাইপ লাইনের উপর বিভিন্ন সাইজের sluice valve chamber স্থাপন করা হয়েছে। উল্লেখিত এলাকার পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার জন্য sluice valve গুলো প্রায়ই অপারেট করতে হয়। সম্প্রতি বসুন্ধরা গ্রুপ কর্তৃক বর্ণিত এলাকায় বিভিন্ন রাস্তায় স্টর্ম ওয়াটার ড্রেনেজ সিস্টেম স্থাপন এবং রাস্তা উচু করনসহ বিভিন্ন প্রকার উন্নয়ন মূলক কাজ চলমান আছে। এ সকল কাজ চলাকালে এক্সকেভেটর দ্বারা মাটি কাটার সময় এবং অন্যান্য বিভিন্ন প্রকার উন্নয়ন মূলক কাজ চলাকালে আলোচ্য এলাকায় ঢাকা ওয়াসার বিভিন্ন সাইজের sluice valve chamber ক্ষতিগ্রস্থ হয় এবং রাস্তার নীচে চাপা পড়েছে। ক্ষতিগ্রস্থ ও রাস্তার নীচে চাপা পড়া sluice valve chamber গুলো রাস্তার উপর দৃশ্যমান করার জন্য খুজে বের করে sluice valve chamber উচু করা প্রয়োজন।

২। উপরোল্লিখিত কাজটি করার লক্ষ্যে ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর এবং পিডব্লিউডি-২০২২ রেট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে= ৪,৯৪,৩৭৪.০৬২ (চার লক্ষ চুরানব্বই হাজার তিনশত চুয়াত্তর দশমিক শূন্য ছয় দুই) টাকা মাত্র। উক্ত কাজটি মড্স জোন-৮ এর ২০২৫-২০২৬ইং অর্থ বৎসরের রাজস্ব বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিকনং-1.19 এ Limited Tendering Method (LTM) এ e-GP পদ্ধতিতে HOPE কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-8, Dhaka WASAকে রাখা হয়েছে এবং কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য কাজের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৪। এমতাবস্থায়, "Identification & Raising of different diameter sluice valve chamber at DMA-801 Area under MODS Zone-8, Dhaka WASA" শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ-

ক) উপস্থাপিত সর্বমোট ৳= ৪,৯৪,৩৭৪.০৬২ (চার লক্ষ চুরানব্বই হাজার তিনশত চুয়াত্তর দশমিক শূন্য ছয় দুই) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

৫। প্রস্তাব সমূহ সদয় অনুমোদনের জন্য নথিটি উপস্থাপন করা হলো।

SE, MODS/Circle-2

27/08/25	AE 27.08.25	EE 27/08/25	28/08/25
মোহাম্মদ আব্দুল মতিন উপ-সহকারী প্রকৌশলী মড্স জোন-০৮ ঢাকা ওয়াসা।	মোঃ মোস্তফা সহকারী প্রকৌশলী মড্স জোন-৮ ঢাকা ওয়াসা	অনুপম কুমার মন্ডল নির্বাহী প্রকৌশলী মড্স জোন-৮ ঢাকা ওয়াসা।	মোঃ শাহ্ আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

CE sir